



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।



মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিষ্কার।

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৪/২০২১

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/১২২৭


তারিখ-২৮/০৬/২০২১ইং।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত ০৪ ক্যাটাগরির ০৫(পাঁচ)টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	শূন্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১।	সহকারী নৌ-প্রকৌশলী, সহকারী যান্ত্রিক প্রকৌশলী, জেনারেল ফোরম্যান এবং ইঞ্জিনিয়ারিং সুপারভাইজার (ডিজেল)	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩০ বৎসর	০১	মেকানিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী।
০২।	সহকারী তুড়িৎ প্রকৌশলী (ডেকা চেইন)	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩৫ বৎসর	০১	ইলেকট্রোনিয়/ইলেকট্রিক্যাল/বিএসসি(ইঞ্জিঃ) ডিগ্রী অথবা এ.এম.আই.ই (ইলেকট্রোনিয়/ইলেকট্রিক্যাল); অথবা ফলিত পদার্থ(ইলেকট্রোনিয়) এ স্নাতকোত্তর ডিগ্রী; অথবা সেনা/নৌ/বিমান বাহিনীর সংশ্লিষ্ট শাখার সদস্য যিনি পদ মর্যাদায় বিমান বাহিনীর ওয়ারেন্ট অফিসারের সমকক্ষ হবেন; অথবা ইলেকট্রিক্যাল/ইলেকট্রোনিয় এ ডিপ্লোমা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট চাকুরীতে ৭ বৎসরের অভিজ্ঞতা। সরাসরি নিয়োগকৃত প্রার্থীগণের শিক্ষানবিসকাল ২ বৎসর হবে, যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের উপর চাকুরীতে আত্মীকরণের বিষয়টি নির্ভর করবে।
০৩।	অংকন কর্মকর্তা, উর্ধ্বতন নক্সানবীশ	জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩০ বৎসর	০১	পুর-কৌশলে ডিপ্লোমা প্রকৌশলী, হাইড্রোগ্রাফি বিভাগে নিয়োগের বেলায় টপোগ্রাফিক ম্যাপ/চার্ট, ফেয়ার ড্রয়িং, প্রোজেকশন এবং প্লাস্টিং এর কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।
০৪।	উপ-সহকারী প্রকৌশলী (পুর-কৌশল) এটিমিটার (সিভিল)	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩০ বৎসর	০২	অনুমোদিত প্রতিষ্ঠান হতে পুর-কৌশলে ডিপ্লোমাদারী প্রকৌশলী হতে হবে।



- ০২। ০১/০৭/২০২১ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।
- ০৩। আগ্রহী প্রার্থীদেরকে ৩০/০৭/২০২১ তারিখ পর্যন্ত শুধুমাত্র www.jobsbiwta.gov.bd এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।
- ০৪। আবেদন করার সময় ফরম পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী www.jobsbiwta.gov.bd সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ প্রতিটি পদের জন্য ৩২০(তিনশত বিশ) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ০৫। আবেদনকারীগণকে নিজ নিজ Applied ID ব্যবহার করে www.jobsbiwta.gov.bd ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।
- ০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীগণ-কে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
- ০৮। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদেব ক্ষেত্রে বয়স ৩০(ত্রিশ) বৎসর।
- ১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ১১। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
- ১৩। প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।


(এস এম শাহেদ রেজা)
যুগ্ম-পরিচালক(মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ, ঢাকা।